শীত আর ঘন কুয়াশায় বিপাকে চুয়াডাঙ্গা জেলার খেটে খাওয়া মানুষেরা

দেশের দক্ষিণ-পশ্চিমের সীমান্তবর্তী জেলা চুয়াডাঙ্গা। ঘন কুয়াশা আর উত্তরের হিমেল হাওয়ায় শীতে কাঁপছে এ জেলার মানুষরা। সকালের সূর্যের দেখা মিলছে দুপুরে।

প্রচণ্ড শীত আর কুয়াশায় বিপাকে পড়েছে জেলার খেটে খাওয়া মানুষ। পাশাপাশি পাল্লা দিয়ে বাড়ছে শীতজনিত রোগ। কোল্ড ডায়রিয়া, সর্দি-কাশি জ্বরে আক্রান্ত হচ্ছে শিশু, বয়োবৃদ্ধসহ সব বয়সী মানুষ। আজ মঙ্গলবার সকাল ৯টায় চুয়াডাঙ্গায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২ দশমিক শূন্য ডিগ্রি সেলসিয়াস এবং বাতাসের আর্দ্রতা ১০০ শতাংশ। সকাল ৬টায় চুয়াডাঙ্গায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২ দশমিক শূন্য ডিগ্রি সেলসিয়াস এবং বাতাসের আর্দ্রতা ১০০ শতাংশ।

গতকাল সোমবার ছিল ১৪ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়ার এমন পরিস্থিতি অব্যাহত থাকবে আগামী কয়েকদিন। সেইসঙ্গে তাপমাত্রা আরো কমতে পারে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া পর্যবেক্ষণাগার।

চুয়াডাঙ্গাতে দৈনিক আকাশ খবর পত্রিকার প্রকাশক ডিউক মারা গেছেন

চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সদস্য ও বাংলাদেশ বেতারের জেলা সংবাদদাতা এবং চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক আকাশ খবর পত্রিকার প্রকাশক জ্যেষ্ঠ সাংবাদিক এ্যাডভোকেট তছিরুল আলম মালিক ডিউক আজ মঙ্গলবার সকাল সাড়ে ৮টার পর শহরের টাউন মাঠের অপর পাশে অবস্থিত

নিজ বাড়ীতে ইন্তেকাল করেছেন, ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দু’ছেলে-মেয়ে রেখে গেছেন।

তিনার মৃত্যুতে শোক প্রকাশ করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমাবেদনা জানিয়েছে মেহেরপুর প্রতিদিন সংবাদপত্রের পরিবার।

চুয়াডাঙ্গা-২ আসনে স্বতন্ত্র প্রার্থী হাশেম রেজার সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা-২ আসনে নৌকার প্রার্থী আলী আজগর টগর ও সমর্থকরা বিভিন্ন ভোট কেন্দ্র দখল করে জোরপূর্বক ভোট প্রদান, পোলিং এজেন্টদের মারধর সহ বিভিন্ন অনিয়মের অভিযোগে তুলে সংবাদ এক সম্মেলন করা হয়েছে। সংবাদ সম্মেলনে চুয়াডাঙ্গা-২ আসনে পুনঃ নির্বাচনের দাবী জানিয়েছেন স্বতন্ত্র প্রার্থী (ট্রাক প্রতীক) মোঃ হাশেম রেজা এই সংবাদ সম্মেলন করেছে ।

গতকাল সোমবার রাত ৮ সময় দামুড়হুদা উপজেলার কড়ুলগাছি গ্রামে তার নিজ বাড়িতে এই সংবাদ সম্মেলনে আয়োজন করেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বিশিষ্ট আওয়ামী লীগ নেতা অ্যাডঃ আবু তালেব, দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল আজিজুর রহমান,নাটুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ রেজাউল ইসলাম, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ মমিন মাষ্টার প্রমুখ।

চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র প্রার্থী ট্রাক প্রতীক দৈনিক আমার সংবাদ ও ডেইলি পোস্ট কেন্দ্রীয় ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটি সদস্য মোঃ হাশেম রেজা সংবাদ সম্মেলনে বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আমি সংসদীয় আসন (৮০) চুয়াডাঙ্গা-২ আসন থেকে স্বতন্ত্র এমপি প্রার্থী হিসাবে (ট্রাক প্রতীক) নিয়ে নির্বাচনে অংশ গ্রহণ করি। আমার পক্ষে সাধারণ ভোটারদের

চুয়াডাঙ্গায় দুটি আসনে ৪র্থ বারের মতো নৌকা প্রতীক জয়ী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে ৪র্থ বারের মতো নৌকা প্রতিকে সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন ও চুয়াডাঙ্গা-২ আসনে ৪র্থ হাজী আলী আজগর টগর নৌকা প্রতিক নিয়ে জয়লাভ করেছেন গতকাল রবিবার চুয়াডাঙ্গা জেলা রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে রাত সাড়ে দশটার সময় সংবাদ সম্মেলনের মাধ্যমে এই তথ্য নিশ্চিত করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলা রিটার্নিং কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা।

গতকাল রবিবার সকাল আটটা থেকে ভোট গ্রহণ শুরু হয়ে চলে বিকাল চারটা পর্যন্ত। শান্তিপূর্ণ পরিবেশ চলে চুয়াডাঙ্গা-১ ও চুয়াডাঙ্গা-২ আসনের ভোট গ্রহণ কার্যক্রম । ৭৯ চুয়াডাঙ্গা-১ আসন চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা উপজেলা নিয়ে গঠিত এবং চুয়াডাঙ্গা-২ দামুড়হুদা ও জীবননগর উপজেলা নিয়ে গঠিত।

চুয়াডাঙ্গা সদর উপজেলা ও আলমডাঙ্গা উপজেলা মিলে ৭৯ চুয়াডাঙ্গা-১ আসন। এই আসনে ৪র্থ বারের মতো বেসরকারি ভাবে নৌকা প্রতিকে জয়লাভ করেছেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামী লীগ মনোনিত নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় নৌকা প্রতিকে সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন তার নিকটতম প্রতিদ্বন্দী ঈগল প্রতিক থেকে ২৩ হাজার ৪ শত ৯৮ জনের ভোট বেশি পেয়ে জয়লাভ করেন। নৌকা প্রতিকে সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন ভোট পেয়েছেন ৯৬ হাজার ২ শত ৬৬ জনের ভোট।

তার নিকট প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ কমিটির সদস্য দিলীপ কুমার আগরওয়ালা ঈগল প্রতিকে ৭২ হাজার ৭ শত ৬৮ জনের ভোট পেয়েছেন। স্বতন্ত্র প্রার্থী বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপ কমিটির সদস্য ফ্রিজ প্রতিকে এম এ রাজ্জাক খান রাজ ভোট পেয়েছেন ৫৯ হাজার ১ শত ৮০ জনের ভোট । স্বতন্ত্র

৩৫৪টি। যার মধ্যে ২০৫টি কেন্দ্র ঝুঁকিপূর্ণ এবং ১৪৯টি কেন্দ্র সাধারণ হিসেবে চিহ্নিত করা হয়েছিলো। কিন্তু কোন প্রকার অপ্রতিকার কর্মকাণ্ড ছাড়া শান্তিপূর্ণ পরিবেশ ভোট দেয় সাধারণ নাগরিক।
জেলার দু’টি আসনে মোট ভোটার সংখ্যা ৯ লাখ ৫০ হাজার ৭৮ জন। নির্বাচনী এলাকা ৭৯ চুয়াডাঙ্গা সদর উপজেলা ও আলমডাঙ্গা উপজেলা চুয়াডাঙ্গা-১ সংসদীয় আসনে মোট ভোটার সংখ্যা ৪ লাখ ৮৩ হাজার ৯৮০ জন। এর মধ্যে পুরুষ ভোটার ২ লাখ ৪১ হাজার ৩৮৭ জন এবং মহিলা ভোটার ২ লাখ ৪২ হাজার ৫৮৯ জন। মোট ভোট কেন্দ্রে সংখ্যা ১৮১টি। নির্বাচনী এলাকা ৮০ চুয়াডাঙ্গা-২ দামুড়হুদা উপজেলা, জীবননগর উপজেলা নিয়ে গঠিত। চুয়াডাঙ্গা-২ সংসদীয় আসনে মোট ভোটার সংখ্যা ৪ লাখ ৬৬ হাজার ৯৮ জন। এর মধ্যে পুরুষ ভোটার ২ লাখ ৩৪ হাজার ৪৪২ জন এবং মহিলা ভোটার ২ লাখ ৩১ হাজার ৬৯২ জন। মোট ভোটকেন্দ্রে সংখ্যা ১৭৩টি।

দর্শনায় নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন: ১ জনের কারাদণ্ড ও ৬ জনের জরিমানা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় নির্বাচন চলাকালীন কেন্দ্রের মধ্যে আচরণবিধি লঙ্ঘনের দায়ে আরিফুল ইসলাম লাল্টু (৪০) নামের একজনকে ২ বছরের সশ্রম কারাদণ্ড ৩ হাজার টাকা জরিমানা অনাদায়ে ৩ মাসের জেল প্রদান করেছে।

আজ রোববার দুপুর ৩ টার দিকে দর্শনা সরকারী কলেজে ভোট কেন্দ্রের এ ঘটনা ঘটে। সন্ধ্যায় তাকে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জানাযায়, গতকাল রোববার দুপুর ৩ টার দিকে দর্শনা সরকারী কলেজ ভোট কেন্দ্রে আচরণ বিধি লঙ্ঘনের দায়ে আরিফুল ইসলাম লাল্টু নামের এক ব্যক্তিকে আটক করে পুলিশ। এসময় তাকে ভ্রাম্যমান আদালতে কারাদন্ড প্রদান ও অর্থ জরিমানা অন্যথায় কারাদন্ডের রায় প্রদান

করা হয়।

কারাদন্ড প্রাপ্ত ব্যাক্তি দর্শনা পৌর এলাকার থানাপাড়া মৃত লুৎফর রহমানের ছেলে আরিফুল ইসলাম লাল্টু। তাকে ভোটকেন্দ্রের অভ্যন্তরে সন্ধেহজনক ঘোরাঘুরি ও আচরণ বিধি লঙ্ঘনের দায়ে চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকার নির্বাহী ম্যাজিস্ট্রেট অর্পিতা আক্তার ২ বছরের সশ্রম কারাদণ্ড ৩ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে ৩ মাসের কারাদন্ড প্রদান করেছে।

এসব উপস্থিত ছিলেন দর্শনা থানার অফিসার্স ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা সহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। অন্যদিকে চুয়াডাঙ্গা- ২ নির্বাচন এলাকার নির্বাহী ম্যাজিস্ট্রেট রাবেয়া বসরী দামুড়হুদা সড়কে বিভিন্ন স্থানে অভিযান চালায়। এ সময় সড়ক আইনে ৬ জনকে আচরণ বিধি লঙ্ঘন ও অবৈধ্য মোটরযান চালানোর অপরাধে ৩ হাজার টাকা জরিমানা করেছেন।

চুয়াডাঙ্গা-১ আসনে শান্তিপূর্ণ পরিবেশে চলছে ভোট গ্রহণ

চুয়াডাঙ্গা-১ আসনে চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা উপজেলার সকল ভোটকেন্দ্রে চলছে শান্তিপূর্ণ পরিবেশে ভোট গ্রহণ কার্যক্রম। সকাল আটটা থেকে শুরু হয় ভোট গ্রহণ কার্যক্রম।

এ সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন স্থানে ও চুয়াডাঙ্গা সদর উপজেলার বালিকা স্কুল কেন্দ্র পদ্মবিলা ইউনিয়ন খেজুরা সরকারি প্রাথমিক বিদ্যালয় সেন্টার মাখালডাঙ্গা ইউনিয়নের গাড়াবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সেন্টার কুতুবপুর ইউনিয়নের সেন্টার সহ চুয়াডাঙ্গা-১ আসনের আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়নের খাসকররা সরকারি প্রাথমিক বিদ্যালয় হাকিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় তিওরবিলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ষোড়দাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় পাইকপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চলছে শান্তিপূর্ণ পরিবেশ ভোট গ্রহণ কার্যক্রম। এ সময় সকল কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মেহেরপুর প্রতিদিন কে জানান কোন

প্রকার অপ্রতিকার কর্মকাণ্ড ছাড়া শান্তিপূর্ণ পরিবেশে চলছে ভোট গ্রহণ কার্যক্রম এবং ভোটার উপস্থিতি যথেষ্ট ভালো।

আলমডাঙ্গার ঘোষবিলা থেকে ১ বছরের শিশু নিখোঁজ

আলমডাঙ্গার ঘোষবিলা গ্রামে সাঈদ হোসেন নামের ১ বছরের এক শিশু সন্তান নিখোঁজ হয়েছে। শিশু সন্তানের ফুফুর বিরুদ্ধে অভিযোগ উঠেছে তাকে চুরি করে অন্যত্র বিত্রি করে দেওয়ার। এ ঘটনায় শিশুর দাদা আকরাম হোসেন বাদি হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। নিখোঁজ শিশু ঘোষবিলা গ্রামের লাঁল মাহমুদের ছেলে।

পরিবারিক সূত্রে জানা গেছে, গতকাল শুক্রবার দুপুরে শিশু সাঈদ বাড়িতে খেলা করছিলো। দাদা আকরাম হোসেন ও ছেলে লাঁল মাহমুদ জুম্মার নামাজ পড়তে মসজিদে যান । এসময় শিশুটির ফুফু রুপা খাতুন গোপনে বাড়িতে পৌঁছে শিশু সন্তান সাঈদকে চুরি করে নিয়ে যায়।

অনেকক্ষণ শিশুটিকে না দেখতে পেয়ে তার মাসহ স্বজনরা চারিদিকে খোঁজাখুঁজি করেও তাকে আর পাওয়া যায়নি। স্থানীয়রা শিশু সাঈদকে রুপা নিয়ে গিয়েছে বলে জানান।

শিশু সাঈদের দাদা আকরাম হোসেন জানান, গত কয়েক দিন আগে রুপা আমাকে একটি শিশু বাচ্চা বিক্রির জন্য জানায়। আমি তাকে বকাবকি করি। সে মানসিক ভারসাম্যহীন হওয়ায় তার কথা কর্ণপাত করেনি।

গতকাল শুক্রবার দুপুরে আমার নাতি ছেলে সাঈদকে গোপনে নিয়ে যায়। যাবার সময় স্থানীয় লোকজন দেখতে পায়। পরে, রুপা ও শিশুকে খোঁজাখুঁজি করলেও কোন সন্ধান পায়নি। শুক্রবার দুপুরে রুপার বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় অভিযোগ দিয়েছি। থানাপুলিশ ও জামজামি ফাঁড়িপুলিশ অভিযান চালিয়ে ইবি থানাধীন ঝাউদিয়া মাঝপাড়া থেকে তাকে উদ্ধার করা হয়। পুলিশের জিজ্ঞাসাবাদে রুপা শিশু সাঈদকে ঝাউদিয়া গ্রামের মিনহাজ উদ্দিনের মেয়ে অন্তরার নিকট দিয়েছে বলে স্বীকারোক্তি দেয় । শিশু সাঈদকে উদ্ধার সহ অন্তরাকে আটকে

পুলিশের পৃথক টিম অভিযান চালাচ্ছে।

এবিষয়ে আলমডাঙ্গা থানার ওসি শেখ গণি মিয়ার সাথে মোবাইলে যোগাযোগের চেষ্টা করা হলে ফোনটি বন্ধ ছিলো। এছাড়াও সংবাদটি লেখাপর্যন্ত শিশু উদ্ধারে পুলিশের অভিযান অব্যাহত ছিলো।

চুয়াডাঙ্গা ২ আসনে ঢেঁকি মার্কা প্রতীকে জাতীয় পার্টির যোগদান

দর্শনায় চুয়াডাঙ্গা-২ আসনের সতন্ত্র প্রার্থী মীর্জা শাহারিয়ার মাহমুদ লল্টুর ঢেঁকি মার্কা প্রতিকে সমর্থন জানিয়ে দর্শনা পৌর জাতীয় পার্টির নের্তৃবৃন্দের যোগদান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা বাসস্ট্যান্ড চত্বরে অবস্থিত ঢেঁকি মার্কা প্রতিকের অফিসে এ যোগদান অনুষ্ঠিত হয়।

যোগদান অনুষ্ঠানে চুয়াডাঙ্গা-২ আসনের ঢেঁকি মার্কা প্রতিকের সতন্ত্র প্রার্থী মীর্জা শাহারিয়ার মাহমুদ লল্টু’র হাতে হাত রেখে ঢেঁকি মার্কার সমর্থন জানিয়ে দর্শনা থানা ও পৌর জাতীয় পার্টির ১৫/১৬ জন নেতাকর্মী যোগদান করেন।

দর্শনা পৌর ৪নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের সভাপতি কামাল উদ্দিন আহমেদ সান্টুর সভাপতিত্বে উপস্থিত থেকে যোগদান করেন, দর্শনা থানা কমিটির জাতীয় পার্টির সভাপতি নুর জামাল, সহ-সভাপতি ফরহাদ খান শিল্পি, সম্পাদক হায়দার আলী বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক আবুল হোসেন, শ্রম সম্পাদক জাহাঙ্গীর হোসেন বাবু, দর্শনা পৌর শাখার সভাপতি এনামুল হক সন্টু, সহ-সভাপতি মজিবর রহমান, যুগ্ন সম্পাদক মাসুদ করিম মিন্টু, প্রমুখ।

চুয়াডাঙ্গা-২ আসনে জাসদের প্রার্থী নির্বাচন প্রত্যহার করে উঠলেন নৌকায়

বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ (ইনু) সমর্থিত চুয়াডাঙ্গা জেলা জাসদের সদস্য চুয়াডাঙ্গা-২ আসনের প্রার্থী দেওয়ান মোঃ ইয়াসিন উল্লা মশাল প্রতীক প্রত্যহার করে নৌকায় উঠলেন।

আজ শুক্রবার সন্ধ্যা ৭ টায় দর্শনা পৌর জাসদের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের এ ঘোষণা দেন তিনি।

দামুড়হুদা উপজেলা জসদের সভাপতি জাহাঙ্গীর আলম লুল্লু জানান, ১৪ দলের নীতিগত সিদ্ধান্ত জোট গতভাবে ভোট করা। সেই মোতাবিক আমাদের চুয়াডাঙ্গা-২ আসনের প্রার্থী দেওয়ান মোঃ ইয়াসিন উল্লাহ মশাল প্রতীকে নির্বাচন প্রত্যাহার করেন। আজকের থেকে আমারা নৌকার পক্ষ কাজ করবো।

চুয়াডাঙ্গা-২ আসেন জাসদ (ইনু) মশাল প্রার্থী দেওয়ান ইয়াসিন উল্লাহ জানান,সারাদেশে ১৪ দল জোট গত ভাবে আন্দোলন সংগ্রাম সরকার পরিচালনার ক্ষেত্রে একসাথে কাজ করে আসছে। সামনে জাতীয় নির্বাচনে চুয়াডাঙ্গা-২ আসনে নেতা কর্মীদের মতামতের ভিত্তিতে আমি নির্বাচনে আগামী নির্বাচনে মশাল মার্কা প্রতীকে নির্বাচন প্রত্যহার করছি। আওয়ামী লীগের মনোনীত নৌকা প্রার্থী আলী আজগার টগরের সমর্থন করে জাসদের নেতাকর্মীদের সাথে নিয়ে নৌকার বিজয় ছিনিয়ে আনা হবে।

সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন দর্শনা পৌর আওয়ামী লীগের সহ সম্পাদক গোলাম ফারুক আরিফ, আওয়ামীলীগ নেতা জাহিদুল ইসলাম, দর্শনা পৌর জাসদের আহবায়ক জাকারিয়া জাকির, কেন্দ্রীয় জাসদের সদস্য আব্দুস সামাদ বিপু।

পরে দর্শনা পৌর জাসদের সভাপতি জুলফিকার হায়দার সাংবাদিকদের কাছে অভিযোগ করে বলেন,আমরা পৌর জাসদের দায়িক্তে আছি আমরা কোন কিছুই

জানিনা। আমাদেরকে না জানিয়ে প্রার্থীতা প্রত্যহার করেছে। আমরা দর্শনা পৌর জাসদ সমর্থন করিনা বলে অভিযোগ করেন।তিনি আরও বলেন দামুড়হুদা উপজেলা জাসদের সভাপতি জাহাঙ্গীর আলম লুল্লু সে তার একক সিধান্তে তার একক প্রার্থী প্রত্যহার করেছে।।দর্শনা পৌর জাসদ কোন রকম এ সমর্থন করে না।

চুয়াডাঙ্গা জেলায় দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষে প্রশাসনের যৌথ মহড়া

চুয়াডাঙ্গা জেলায় আসন্ন জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষে জেলা প্রশাসন পুলিশ র্যাব বিজিবি আনসার বাহিনীর সমন্বয়ে যৌথ মহড়া অনুষ্ঠিত হয়েছে। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে এবং যেকোনো ধরনের নাশকতামূলক কার্যক্রমকে প্রতিহত করার লক্ষে আজ শুক্রবার বিকাল তিনটা থেকে রাত সাড়ে আটটা পর্যন্ত সকল স্তরের প্রশাসনের যৌথ ভাবে এবং বিভিন্ন পদমর্যাদার অফিসার ফোর্সের সমন্বয়ে গাড়ীবহর যোগে যৌথ মহড়া অনুষ্ঠিত হয়।

উক্ত যৌথ মহড়ায় জেলা প্রশাসক, পুলিশ সুপার, অধিনায়ক, ৬ বিজিবি, সহকারী পরিচালক, ৫৮ বিজিবি, স্কোয়ার্ড কমান্ডার, র্যাব-১২, পরিচালক, ১৪ আনসার ব্যাটালিয়ন, চুয়াডাঙ্গাগণের নেতৃত্বে চুয়াডাঙ্গা শহরের প্রধান প্রধান সড়কে ডমিনেন্স প্যাট্রোলিং শেষে দামুড়হুদা মডেল থানাধীন জুড়ানপুর, মুক্তারপুর ও কোমরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভোটকেন্দ্র, দর্শনা থানাধীন দক্ষিণ চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়, দোস্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং জীবননগর থানাধীন উথুলী বাসস্ট্যান্ড বাজার, আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের ভোটকেন্দ্র সরেজমিনে পরিদর্শন করেন।

পরিদর্শনকালে উপস্থিত ভোটারসহ জনসাধারনের উদ্দেশ্য আগামী ০৭ই জানুয়ারি তারিখে অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সাধারণ ভোটারদের সঙ্গে স্থানীয় পরিবেশ ও আইনশৃংখলা পরিস্থিতি নিয়ে কথা বলেন এবং নির্বাচনের দিন উৎসবমুখর পরিবেশে ভোটকেন্দ্রে

এসে নির্বিঘ্নে পছন্দের প্রার্থীকে ভোট প্রদানের আহবান জানান। ভোট প্রদানে বাঁধার সৃষ্টি হলে জাতীয় জরুরি সেবা ৯৯৯, পুলিশ কন্ট্রোলরুম, সংশ্লিষ্ট থানার অফিসার ইনচার্জ ডিউটি অফিসার, ইউএনও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বৃন্দের মোবাইল নাম্বারে অথবা র্যাব, বিজিবি, সেনাবাহিনীর টিম কে তাৎক্ষণিকভাবে জানানোর পরামর্শ প্রদান করেন। যারা এ ক্ষেত্রে বাঁধা সৃষ্টি করবে তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যাবস্থা নেয়া হবে বলে সাধারণ মানুষদের আশ্বস্ত করেন।

এছাড়াও জেলা প্রশাসক ও পুলিশ সুপার বলেন,ভোটের দিন ভোট কেন্দ্রসহ বিভিন্ন স্থানে সাদা পোশাকে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা পুলিশ সহ অন্যান্য গোয়েন্দা সংস্থার লোকজনের নজরদারি থাকবে। সর্বশেষ, সার্বিক আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে চুয়াডাঙ্গার আপামর জনসাধারণের সহযোগিতা প্রত্যাশা করেন।

চুয়াডাঙ্গা জেলার জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা নেতৃত্বে স্থানীয় সরকারের উপ-পরিচালক শারমিন আক্তার, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ সহ অন্যান্য সহকারী কমিশনারগন উক্ত মহাড়ায় অংশগ্রহণ করেন।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান- পিপিএম-সেবা নেতৃত্বে অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলামে, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্)নাজিম উদ্দিন আল আজাদ-পিপিএম-সেবা, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা, জীবননগর থানার অফিসার ইনচার্জ এস এম জাবীদ হাসান, জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ সহ ডিবি, ট্রাফিক, দামুড়হুদা, দর্শনা ও জীবননগর থানা পুলিশের টিম অংশগ্রহণ করে।

চুয়াডাঙ্গা ৬বিজিবি লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ জাহিদুর রহমান ও মহেশপুর ৫৮ বিজিবি সহকারী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলামানের নেতৃত্ব বিজিবি’র গাড়ীবহরের টিম অংশগ্রহণ করেন। র্যাব-১২ স্কোয়ার্ড কমান্ডার কিশোর রায়ের নেতৃত্বে র্যাবের একটি টিম এবং ১৪ আনসার ব্যাটালিয়নের পরিচালক কামরুল হাসানের নেতৃত্ব একটি টিম এই যৌথ মহড়াই অংশগ্রহণ করেন।